



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা। বর্তমানে সংস্থার বিভিন্ন কর্ম এলাকায় (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের বিভিন্ন জেলায়) চলমান ঋণ কর্মসূচীর কর্মএলাকা সম্প্রসারণের নিমিত্ত জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা
১	এলাকা ব্যবস্থাপক (এ.এম) পদ সংখ্যা-৫টি বেতনঃ মূল বেতন ১৯,০০০/- ও সর্বসাকুল্যে অঞ্চল ভেদে ৩৭,৯০৫/- হতে ৪৬,৪০০/-	স্নাতকোত্তর পাশ	ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা পর্যায়ে কমপক্ষে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে।
২	শাখা ব্যবস্থাপক (বি.এম) পদ সংখ্যা-৩০টি বেতনঃ মূল বেতন ১৩,৫০০/- ও সর্বসাকুল্যে অঞ্চল ভেদে ২৮,২১৫/- হতে ৩৪,২০০/-	স্নাতকোত্তর পাশ	ঋণ কার্যক্রমে শাখা পর্যায়ে শাখা ব্যবস্থাপক পদে কমপক্ষে ১ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে।
৩	শাখা হিসাবরক্ষণ কর্মকর্তা (বি.এ.ও) পদ সংখ্যা - ৩০টি বেতনঃ মূল বেতন ১১,০০০/- ও সর্বসাকুল্যে অঞ্চল ভেদে ২০,৯০০/- হতে ২৫,০০০/-	নূন্যতম স্নাতক পাশ (বানিজ্যে স্নাতক অগ্রাধিকার দেয়া হবে)	ঋণ কার্যক্রমের হিসাব ব্যবস্থাপনায় ১ বছরের অভিজ্ঞতা। MIS & FIS প্রতিবেদন প্রস্তুতে পারদর্শি হতে হবে। MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে।
৪	টেকনিক্যাল সাপোর্ট অফিসার (টি.এস.ও) পদ সংখ্যা - ৩০টি বেতনঃ মূল বেতন ১১,০০০/- ও সর্বসাকুল্যে অঞ্চল ভেদে ২০,৯০০/- হতে ২৫,০০০/-	নূন্যতম স্নাতক পাশ	MS Office পরিচালনায় অবশ্যই দক্ষ হতে হবে। কাস্টমাইজড সফটওয়্যারে কাজ করার দক্ষতা থাকতে হবে। প্রতি মিনিটে কমপক্ষে ৪৫-৫০ শব্দ ইংরেজীতে টাইপিং স্পিড থাকতে হবে। ক্ষুদ্র ঋণ কর্মসূচীতে কাজের অভিজ্ঞতা অগ্রাধিকার দেয়া হবে।
৫	ক্রেডিট অফিসার (সিও) পদ সংখ্যা- ১০০টি বেতনঃ মূল বেতন ৯,০০০/- ও সর্বসাকুল্যে অঞ্চল ভেদে বেতন ১৭,১০০/- হতে ২০,৫০০/-	নূন্যতম স্নাতক পাশ	ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার বাস্তব অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। অনভিজ্ঞ স্নাতক বা উচ্চতর ডিগ্রীধারীরাও আবেদন করতে পারবেন। নির্বাচিত অনভিজ্ঞ প্রার্থীদের প্রশিক্ষণের ব্যবস্থা আছে। উল্লেখ্য, মূল বেতনের ৫০% প্রশিক্ষনকালীন ভাতা প্রদান করা হবে।

শর্তাবলীঃ

- ১ হতে ৩ নং পদের প্রার্থীকে মটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ৫ নং পদের প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
- সকল পদের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির ৩ মাস শিক্ষানবীশকাল শেষে কর্মমূল্যায়নের ভিত্তিতে চাকুরী স্থায়ীকরণ করা হবে এবং তখন থেকে সংস্থা কর্তৃক প্রদত্ত আর্থিক ও অআর্থিক সকল সুযোগ সুবিধা যেমন উৎসব ভাতা, বৈশাখী ভাতা, মোবাইল ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, নগর ভাতা ও মটর সাইকেলের ফুয়েল বিল (প্রযোজ্য ক্ষেত্রে) প্রযোজ্য হবে।
- ৫ নং পদের আবেদনকারীকে মাঠ পর্যায়ে কাজ করার শারীরিক সক্ষমতা থাকতে হবে।
- আবেদনকারীদের বাংলাদেশের যে কোন স্থানে মাঠ পর্যায়ে সংস্থার কর্ম এলাকায় কাজ করার মানসিকতা থাকতে হবে।

শুধুমাত্র আগ্রহী যোগ্য প্রার্থীদেরকে আগামী ১৭/০১/২০১৯ খ্রীষ্টাব্দ তারিখের মধ্যে নির্বাহী পরিচালক, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) বরাবর দরখাস্ত (যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বরসহ পূর্ণ জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা সনদের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয় পত্র /জন্ম নিবন্ধন (পরিচয় পত্র না থাকলে)-এর ফটোকপি ও ৩ কপি পাসপোর্ট সাইজের পরিচ্ছন্ন ছবি সংযুক্ত করে) সংস্থার “মানব সম্পদ বিভাগ, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), বাড়ী-২০, সড়ক-১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯”-এ ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নিয়োগ বিজ্ঞপ্তি সংস্থার ওয়েবসাইট www.ric-bd.org এ পাওয়া যাবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য ডাকা হবে। **খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।**